দৈনিক ইত্তেফাক

তারিখ ... 0.2 JAN. 1998 ......
পৃষ্ঠা ১ কলাম ৪ ......

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের দুইটি হলের নাম বঙ্গবন্ধু ও বেগম মুজিবের নামে নামকরণ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। গত বুধবার রাতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর কায়েস উদ্দিনের সভাপতিত্বে

(১৫শ পৃ: ৪-এর ক: দ্র:)

## ইসলামী বিশ্ববিদ্যালয়ের

(১ম পৃ: পর)

অনুষ্ঠিত সিন্ডিকেট সভা বিশ্ববিদ্যালয়ের নির্মাণাধীন চতুর্থ হলটির (ছাত্রদের) নাম 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল' এবং অপর নির্মাণাধীন পঞ্চম হলের (ছাত্রীদের) নামকরণ 'বেগম ফজিলাতুন্নেসা মুজিব করার সিদ্ধান্ত নিয়াছে। এব্যাপারে গতকাল (বৃহস্পতিবার) ভাইস চ্যান্সেলর ইত্তেফাককে জানান, শিক্ষাদানের সর্বোচ্চ প্রতিষ্ঠান বিশ্ববিদালয়গুলিতে জাতির অগ্রযাত্রায় নেতৃত্ব দানকারী প্রকৃত মহানায়কদের নামে বিভিন্ন হল, ভবন প্রভৃতির নামকরণ করা হইয়া থাকিলেও অত্র বিশ্ববিদ্যালয়ে ইহার ব্যতিক্রম রহিয়াছে। ইহা অত্যন্ত দু:খজনক ও পরিতাপের বিষয়। তিনি আরও বলেন, বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু এবং তাঁহার দীর্ঘ সংগ্রামী ও ত্যাগী জীবনে ছায়া হইয়া থাকা ও অনুপ্রেরণার সাথী সাহসী মহিয়ষী রমনী বেগম মুজিবের নামে সিন্ডিকেট সদস্যগণ হলের নামকরণের সিদ্ধান্ত নেওয়ায় আমি গর্বিত ও আনন্দিত। প্রসঙ্গত: বর্তমানে বিশ্ববিদ্যালয়ে সাদ্দাম হোসেন হল, শহীদ জিয়াউর রহমান হল এবং খালেদা জিয়া হল নামে তিনটি আবাসিক হল রহিয়াছে।